



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন
SECURITIES AND EXCHANGE COMMISSION
JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৫৫৫

তারিখঃ ০৪/১১/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে ৪৫৩ তম (জরুরী) কমিশন সভা ০৪ নভেম্বর, ২০১২ইং, রবিবার, সকাল ১১ঃ৩০ টায় কমিশনের বোর্ডরুমে অনুষ্ঠিত হয়। সভায় মার্চেন্ট ব্যাংকের বর্তমানে প্রচলিত অমনিবাস হিসাব এর পরিবর্তে বিনিয়োগকারীদের জন্য পৃথক পৃথক বিও হিসাব খোলা এবং অমনিবাস হিসাব সমূহ থেকে সিকিউরিটিজ পৃথক বিও হিসাবে স্থানান্তর করার বিষয়ে আলোচনা করা হয়। আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

- (১) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর ৩০(৪) ও ৩০(৬) অনুযায়ী মার্চেন্ট ব্যাংক সমূহকে সকল অমনিবাস গ্রাহকদের হিসাব আগামী ৩০.১২.২০১২ এর মধ্যে পৃথক বিও হিসাব এ স্থানান্তর সম্পন্ন করতে হবে;
- (২) প্রত্যেক মার্চেন্ট ব্যাংকের জন্য তাদের নিজস্ব কাস্টডি ডিপির মাধ্যমে বিনিয়োগকারীদের বাধ্যতামূলকভাবে বিও হিসাব খুলতে হবে;
- (৩) অমনিবাস হিসাবের গ্রাহকদের সিকিউরিটিজসমূহ বিনা ক্ষিতে নিম্নবর্ণিত ভাবে পৃথক বিও হিসাবে স্থানান্তরের জন্য সিডিবিএল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে :

ক. বিদ্যমান অমনিবাস হিসাব হতে 'Cut off' তারিখে প্রথমবারের মত বিনিয়োগকারীদের স্বতন্ত্র বিও হিসাবে শেয়ার ট্রান্সফার;

খ. 'Cut off' তারিখের পূর্বে ক্রয়কৃত শেয়ার, বোনাস শেয়ার এবং রাইট শেয়ার সমূহের ক্ষেত্রে ম্যাচিউরড তারিখ ও বন্টন তারিখ যদি 'Cut off' তারিখের পর হয়, তবে সেক্ষেত্রে শেয়ার সমূহের ট্রান্সফার।

- (৪) মার্চেন্ট ব্যাংকের বিনিয়োগকারীদের স্বতন্ত্র বিও হিসাব খোলার ক্ষেত্রে প্রাথমিকভাবে প্রাপ্ত তথ্য অন্তর্ভুক্ত করে এবং অপ্রাপ্য ক্ষেত্র সমূহ (যেমনঃ মায়ের নাম, পোষ্ট কোড, জন্ম তারিখ ইত্যাদি) কিছু বিশেষ তথ্য দ্বারা (যেমনঃ 'Not available', '0000', '99/99/9999') পূর্ণ করার মাধ্যমে বিও হিসাব খুলতে পারবে। অসম্পূর্ণ তথ্যের ক্ষেত্রে পরবর্তী এক মাসের মধ্যে সম্পূর্ণ তথ্য B/O হিসাব ফরমে সন্নিবেশিত করতে হবে।
- (৫) ইস্যুয়ার কোম্পানি/মিউচুয়াল ফান্ড লভ্যাংশ/ভগাংশ বোনাস এর বিক্রয়লব্ধ অর্থ প্রদানের ক্ষেত্রে মার্জিন শ্রেণীভুক্ত বিও হিসাব সমূহের ডিভিডেন্ড এর টাকা একত্রে উক্ত বিও হিসাবসমূহের তালিকাসহ একটি চেক/ডিভিডেন্ড ওয়ারেন্ট এর মাধ্যমে তাদের ডিপিকে প্রেরণ করবে। উক্ত ডিপি পরবর্তীতে তালিকা অনুযায়ী তা বিনিয়োগকারীদের হিসাবে বন্টন করবে;
- (৬) পোর্টফলিও ম্যানেজারের অনুমতি ব্যতিত তার কোন মার্জিন গ্রাহক রাইট শেয়ার রিনানসিয়েট করতে পারবে না। এ ব্যাপারে পোর্টফলিও ম্যানেজার সংশ্লিষ্ট ইস্যুয়ার কোম্পানির সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- (৭) মার্চেন্ট ব্যাংকের অমনিবাস হিসাব হতে স্বতন্ত্র বিও হিসাব এ স্থানান্তর বিষয়টি সকল বিনিয়োগকারীদের অবগতির জন্য মার্চেন্ট ব্যাংক সমূহ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করবে।

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র